

## ॥ হাদীস সম্মান

হাদিস নাম্বারঃ ২৯৮৫

২৭/ আদব

পরিচ্ছেদঃ গীবতে (পরচর্চায়) অংশগ্রহণ করা হারাম। যার নিকট গীবত করা হয় তার উচিত গীবতকারীর তীব্র প্রতিবাদ করা এবং তার সমর্থন না করা। আর তাতে সক্ষম না হলে সংস্কৃত হলে উক্ত সভা ত্যাগ করে চলে যাওয়া যে কথা আসলে গীবত নয়

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللُّهُ عَنْهَا قَالَتْ : قَالَتْ هِنْدُ امْرَأُ أَبِي سُفِيَّانَ لِلنَّبِيِّ صَلَّى اللُّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ أَبَا سُفِيَّانَ رَجُلٌ شَحِيقٌ وَلَيْسَ يُعْطِينِي مَا يَكْفِينِي وَوَلَدِي إِلَّا مَا أَخْذَتُ مِنْهُ، وَهُوَ لَا يَعْلَمُ ؟  
قَالَ خُذِيْ مَا يَكْفِيكِ وَوَلَدَكِ بِالْمَعْرُوفِ مُتَفْقِ عَلَيْهِ

বাংলা

(২৯৮৫) আয়েশা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আবু সুফয়ানের স্ত্রী হিন্দ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বললেন যে, 'আবু সুফয়ান একজন কৃপণ লোক। আমি তার সম্পদ থেকে (তার অজান্তে) যা কিছু নিই তা ছাড়া সে আমার ও আমার সন্তানকে পর্যাপ্ত পরিমাণে খরচ দেয় না।' রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমার ও তোমার সন্তানের প্রয়োজন মোতাবেক খরচ (তার অজান্তে) নিতে পার।

ফুটনোট

(বুখারী ৫৩৬৪, মুসলিম ৪৫৭৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিন্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=66733>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন